

ঝিনাইদহে সাড়ে তিন বছরেও চালু হয়নি প্রতিবন্ধী স্কুল

■ ভ্রাম্যমাণ প্রতিনিধি

নির্মাণের পর সাড়ে ৩ বছর পেরিয়ে গেলেও ঝিনাইদহ বাক ও শ্রবণ প্রতিবন্ধী স্কুলটি চালু হয়নি। ৪ কোটি ১৭ লাখ ৬৮ হাজার টাকা ব্যয়ে নির্মিত এ প্রতিষ্ঠানটি পড়ে থেকে নষ্ট হচ্ছে।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অর্থায়নে ২০০৪ সালে ঝিনাইদহ বাক ও শ্রবণ প্রতিবন্ধী স্কুলের নির্মাণ কাজ শুরু হয়। সার্কিট হাউজের কাছে ঝিনাইদহ-হরিণাকুন্ডু সড়কের পাশে গণপুর্ত বিভাগ এটি নির্মাণ করে। ২০০৮ সালের জুনে নির্মাণ কাজ শেষ হয়। এ প্রকল্পের মোট প্রাকল্পিত ব্যয় ছিল ৩ কোটি ৮৫ লাখ টাকা। কিন্তু প্রতিষ্ঠানটি নির্মাণে ৪ কোটি ১৭ লাখ ৬৮ হাজার টাকা ব্যয় হয়। এ পর্যন্ত বরাদ্দ পাওয়া গেছে ৩ কোটি ৪৪ লাখ ৩৫ হাজার টাকা। ৭৩ লাখ ৩৩ হাজার টাকা ঠিকাদারের পাওনা রয়েছে। একাডেমিক ও প্রশাসনিক ভবন, ছাত্রদের আবাসিক হল, শিক্ষক-কর্মচারীদের আবাসিক ভবনসহ সকল অবকাঠামোর নির্মাণ কাজ শেষ হওয়ার পরও প্রতিষ্ঠানটি সমাজ সেবা অধিদপ্তরের কাছে হস্তান্তর করা হয়নি।

সূত্র জানায়, দেখার কেউ না থাকায় চুরি হয়ে যাচ্ছে দরজার পাল্লা ও জানালার কাঁচ। ভবনওপোর দেয়ালে জমেছে শেওলা। ৫০ লাখ টাকা মূল্যের আসবাবপত্র এসে পড়ে আছে।

বাক ও শ্রবণ প্রতিবন্ধী স্কুলে সোকবল নিয়োগ না হওয়ায় আসবাবপত্রগুলো সমাজ সেবা অধিদপ্তরের অন্য প্রতিষ্ঠান মধুপুর এতিম খানায় রাখা হয়েছে। ব্যবহার না হওয়ায় এগুলোও নষ্ট হচ্ছে।

ঝিনাইদহ জেলা সমাজ সেবা কর্মকর্তা মোঃ বশির আহমেদ জানান, চলতি অর্থবছরে (২০১১-২০১২) বার্ষিক উন্নয়ন কর্মসূচির অধীন এক কোটি ৫ লাখ টাকা বরাদ্দ করা

হয়েছে। কিন্তু ৮ মাস পেরিয়ে গেলেও বরাদ্দকৃত টাকা আসেনি। সোকবল নিয়োগ না হওয়ায় স্কুলটি চালু করা যাচ্ছে না। এখানে প্রতিবছর একশ

নষ্ট হচ্ছে অবকাঠামো

জন করে বাক ও শ্রবণ প্রতিবন্ধী ভর্তি ও শিক্ষাদানের কর্মসূচি হয়েছে। স্কুলটি চালুর জন্য অন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে বার বার চিঠি লেখাও হয়েছে।

ঝিনাইদহ প্রতিবন্ধী উন্নয়ন কর্মী সুরাইয়া পারভিন শিল্পী জানান, ঝিনাইদহে স্কুলগামী বয়সের অনেক বাক ও শ্রবণ প্রতিবন্ধী আছে। স্কুলটি চালু হলে তারা লেখাপড়ার সুযোগ পেল। জেলা প্রতিবন্ধী কল্যাণ ও পুনর্বাসন দপ্তরের সভাপতি অধ্যক্ষ আযিনুর রহমান টুকু অবিলম্বে স্কুলটি চালুর দাবি জানিয়ে বলেন, এটি চালু হলে প্রতিবন্ধী ছেলে-মেয়েরা লেখাপড়ার সুযোগ পেল। তারা সমাজের মূল স্রোতে মিশে কর্ম করে জীবিকা অর্জন করতে পারত।